প্রথম আলো

তারিখ 29 AUG 2008
পৃঃ ২ কঃ ৪

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

# অভিযুক্ত শিক্ষকের বিচার দাবিতে কাল থেকে আমরণ অনশন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ছাত্রী নিপীড়নের অভিযোগে শিক্ষকের বিচার এবং বিশ্ববিদ্যালয়ে যৌন নিপীড়নবিরোধী নীতিমালা বাস্তবায়নের দাবিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা কাল ৩০ আগস্ট থেকে আমরণ অনশন কর্মসূচি শুরু করবেন। গতকাল বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে তাঁরা এ ঘোষণা দেন।

নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের কয়েকজন ছাত্রীকে নিপীড়নের অভিযোগে 'বিভাগের' এক শিক্ষকের বিচার দাবিতে শিক্ষার্থীরা 'নিপীড়নের বিরুদ্ধে জাহাঙ্গীরনগর' ব্যানারে গত মে মাস থেকে আন্দোলন করছেন। একই দাবিতে গতকাল দুপুরে তাঁরা রাষ্ট্রপতি বরাবর একটি স্মারকলিপিও দেন বলে সংবাদ সম্মেলনে জানানো হয়।

সংবাদ সম্মেলনে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট তদন্ত কমিটি গঠন করেছে। কিন্তু তদন্ত কমিটি কবে নাগাদ প্রতিবেদন জমা দেবে, সে সম্পর্কে শিক্ষার্থীদের পরিষ্কার করে কিছু বলা হচ্ছে না।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের ভূমিকার কথা উল্লেখ করে শিক্ষার্থীরা বলেন, নিপীড়ক শিক্ষকের বরখাস্তের দাবি এবং এ সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নের দাবিতে শিক্ষার্থীরা আন্দোলন করছেন। দাবি বাস্তবায়নের জন্য শিক্ষার্থীরা গত ৫ আগস্ট পর্যন্ত সময়সীমা বেঁধে দিয়েছিলেন, কিন্তু প্রশাসনের পক্ষ থেকে কোনো ইতিবাচক পদক্ষেপ দেখা যায়নি।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের ছাত্র নির্লিপ্ত নয়ন।